গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-২২

# রাজশাহীতে 'এক শহিদ, এক বৃক্ষ' কর্মসূচি পালিত

রাজশাহী, ০৪ শ্রাবণ (১৯ জুলাই):

আজ শনিবার (১৯ জুলাই) রাজশাহীতে জুলাই গণঅভ্যুত্থান ২০২৪ শহিদদের স্মরণে 'এক শহিদ, এক বৃক্ষ' কর্মসূচি পালিত হয়। জেলা প্রশাসক ও সামাজিক বন বিভাগ, রাজশাহীর আয়োজনে মহানগরীর সি এন্ড বি মোড়ে চারটি জয়তুন বৃক্ষের চারা রোপণের মাধ্যমে এ কর্মসূচি বাস্তবায়ন করা হয়।

জুলাই গণঅভ্যুত্থানে জেলার চারজন শহিদের (শহিদ মো. সাকিব আনজুম, শহিদ ফিরোজ আহমেদ, শহিদ মো. মিনারুল ইসলাম, শহিদ মো. রায়হান আলী) স্মরণে এই বৃক্ষরোপণ কর্মসূচিতে শহিদ পরিবারের স্বজনদের পাশাপাশি অংশগ্রহণ করেন রাজশাহী রেঞ্জের উপ-মহা পুলিশ পরিদর্শক মোহাম্মদ শাহজাহান, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মোহাম্মদ হাবিবুর রহমান, জেলা প্রশাসক আফিয়া আখতার, পুলিশ কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান, পুলিশ সুপার ফারজানা ইসলাম, স্থানীয় সরকারের পরিচালক পারভেজ রায়হান।

বৃক্ষরোপণের পর শহীদদের উদ্দেশ্যে দোয়া করা হয়।

অনুষ্ঠান শেষে সামাজিক বন বিভাগ, রাজশাহীর পক্ষ থেকে মহানগরীর ২০ টি শিক্ষা প্রতিষ্ঠান কে ১০ টি করে ফলদ, বনজ ও ওষধি বৃক্ষের চারা বিতরণ করা হয়।

কর্মসূচিতে আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসকগণ, সরকারি কর্মকর্তা, শিক্ষক-শিক্ষার্থী ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকরা।

.....................................................................

স্মিতা/তৌহিদ/আতিক/হালিম/২০২৫/১২:০০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd